

উপজেলা ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা
কোটালীপাড়া, গোপালগঞ্জ

ক্র.নং	প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম)	বাস্তবায়নকাল (শুরুর ও সমাপ্তির তারিখ)	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবী)	প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে)
১	নির্মাণ সংক্রান্ত সরকারি বিভিন্ন কাজের গুণগত মান বৃদ্ধির জন্য নির্মাণশ্রমিক / রাজমিস্ত্রীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।	০১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৬	উপজেলা প্রকৌশলী, কোটালীপাড়া, গোপালগঞ্জ	কাজটি সম্পন্ন হলে কম সময়ে, বিনা অপচয়ে নির্মাণ কাজ সম্ভব হবে এবং শ্রমিকগণ দায়িত্বশীল হবে। সার্বোপরি নির্মাণ কাজের গুণগত মান বৃদ্ধি পাবে।
২	প্রকল্পের দৈনন্দিন পরিচালনার সতর্কতা মূলক ব্যবস্থা হিসেবে ইউপি চেয়ারম্যানগণের নিকট থেকে এই মর্মে প্রত্যাশনপত্র গ্রহণ যে, প্রস্তাবিত প্রকল্প অন্য কোন দপ্তরের অর্থে পূর্বে বাস্তবায়ন করা হয়নি।	০১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৬	উপজেলা প্রকৌশলী এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোটালীপাড়া, গোপালগঞ্জ	বারবার একই প্রকল্প গ্রহণ করলে সরকারি অপচয়ের প্রবণতা বন্ধ হবে।
৩	শিক্ষিত বেকার যুবক/ যুবতীদের যথাযথ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তিতে পরিণত করা এবং কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় ঋণদানের মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টি করা।	০১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৬	উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ	জনসংখ্যা বোঝা না হয়ে জনসম্পদে পরিণত হবে।
৪	শারীরিক প্রতিবন্ধী তবে হাত দ্বারা কাজ করতে পারে এমন ব্যক্তিদের ভিক্ষাবৃত্তি থেকে বিরত রাখার জন্য চুলকাটার প্রশিক্ষণ প্রদান এবং চুলকাটার যন্ত্রপাতি সরবরাহ।	০১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৬	উপজেলা সমবায় কর্মকর্তা, কোটালীপাড়া, গোপালগঞ্জ	প্রতিবন্ধী ব্যক্তি ভিক্ষাবৃত্তি বন্ধ করবে এ আত্মনির্ভরশীল হবে।